গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নেত্রকোনা সদর, নেত্রকোণা
fisheries.netrokonasadar.netrokona.gov.bd

.এ নং ৩৩.০২.৭২৭৪.৫০১.২৭.০০১.১৭- তারিখ: ১০/০১/২০২২খ্রি:

## সভার নোটিশ

উপজেলা পরিষদ এর বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ২০/০১/২০২২খ্রি: খ্রিস্টাব্দ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয় নেত্রকোনা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

১০/০১/২২
(দেবাশীষ ঘোষ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ইমেইল:sufonetrokona@fisheries.gov.bd
ফোন: ০৯৫১৬১৩৫৫

পত্র নং- ৩৩.০২.৭২৭৪.৫০১.২৭.০০১.১৭-02/2(২) তারিখ: ১০/০১/২০২২খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোনা সদর, নেত্রকোনা ।
২. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোনা সদর, নেত্রকোনা।
৩. ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোনা সদর, নেত্রকোনা।
৪. ভাইস চেয়ারম্যান (মহিলা), নেত্রকোনা সদর, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান, মদনপুর/আমতলা/কাইলাটী/রৌহা, ইউনিয়ন পরিষদ।
৬. অফিস কপি।

১০/০১/২২
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নেত্রকোনা সদর, নেত্রকোনা।

CamScanner

## উপজেলা পরিষদ বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরনী:

ভাইস চেয়ারম্যান মহোদয় এর অফিস কক্ষ; তারিখ- ২০/০১/২০২২ খ্রি:

সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মো: কামরুজ্জামান ফারাস<br>চেয়ারম্যান<br>মদনপুর ইউনিয়ন পরিষদ,<br>নেত্রকোনা সদর, নেত্রকোনা | |
| ০২ | জনাব মোঃ আব্দুর রউফ সবুজ<br>চেয়ারম্যান<br>আমতলা ইউনিয়ন পরিষদ<br>নেত্রকোনা সদর, নেত্রকোনা | |
| ০৩ | জনাব মো: আব্দুর রশিদ<br>চেয়ারম্যান<br>রৌহা ইউনিয়ন পরিষদ<br>নেত্রকোনা সদর, নেত্রকোনা | |
| ০৪ | জনাব মো: নাজমুল হক<br>চেয়ারম্যান<br>কাইলাটী ইউনিয়ন পরিষদ<br>নেত্রকোনা সদর, নেত্রকোনা | |
| ০৫ | দেবাশীষ ঘোষ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>নেত্রকোনা সদর, নেত্রকোনা | |

অদ্য ২০/০১/২০২২খ্রি: তারিখ উপজেলা পরিষদ বাজারমূল্য পর্যবেক্ষণ মানিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির এক সভা, কমিটির সভাপতি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সবার কাজ শুরু করেন সভাপতির অনুমতিক্রমে অদ্যকার সভায় কমিটির সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোনা সদর, নেত্রকোনা জানান যে নেত্রকোনা সদর উপজেলায় বিভিন্ন বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী সঠিক মূল্যে ক্রয় বিক্রয় হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার নিমিত্তে নিয়মিত বাজার পরিদর্শন পর্যবেক্ষণ মনিটরিং এবং নিয়ন্ত্রণ কিভাবে করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে আলোচনার আহ্বান জানান।

সদস্য সচিব এর আহবান এর প্রেক্ষিতে সভায় নেত্রকোনা সদর উপজেলার বিভিন্ন বাজারে বিশেষ করে জয়ের বাজার, মেছুয়া বাজার, আখড়ার মোড় বাজার, আনন্দ বাজার, সাতপাই রেলক্রসিং বাজার ইত্যাদি বাজারে ন্যায্য মূল্যে ক্রয়-বিক্রয় নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০১. কমিটি মাসে অন্তত একবার বাজার সমূহ পরিদর্শন করবেন।

০২. ব্যবসায়ীদের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী যাতে ন্যায্য মূল্যে ক্রয়-বিক্রয় হয় সে ব্যাপারে ব্যবসায়ীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. বাজারে যাতে ভেজাল মিশ্রিত দ্রব্য বিশেষ করে ফরমালিন মিশ্রিত দ্রব্যাদি ক্রয়-বিক্রয় না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের কক্ষ দুটি দ্রুত মেরামতের মাধ্যমে যেন দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০১/২২

(তুহিন আক্তার)
সভাপতি
উপজেলা পরিষদ বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও
নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নেত্রকোনা সদর, নেত্রকোনা।

স্মারক নং:- ৩৩.০২.৭২৭৪.৫০১.৩৬.০০৭.১৯- ২৩/১(০৫) তারিখ: ২০/০১/২০২২খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোনা সদর, নেত্রকোনা
০২. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোনা সদর, নেত্রকোনা।
০৩. ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোনা সদর, নেত্রকোনা।
০৪. চেয়ারম্যান, মদনপুর/আমতলা/কাইলাটী/রৌহা, ইউনিয়ন পরিষদ।
০৫. অফিস কপি।

২০/০১/২২

(দেবাশীষ ঘোষ)
সদস্য সচিব
উপজেলা পরিষদ বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও
নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
ও
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নেত্রকোনা সদর, নেত্রকোনা।

CamScanner